# ১১তম শিক্ষক নিবন্ধন (NTRCA) পরীক্ষা - ২০১৪ (কলেজ পর্যায়)

**১) ভাষার মূল উপকরণ কী?**

ক) বাক্য খ) ধ্বনি

গ) শব্দ ঘ) বর্ন

**সঠিক উত্তরঃ ক) বাক্য**

- ভাষার মূল ভিত্তি - ধ্বনি।
- ভাষার ক্ষুদ্রতম একক/মূল উপাদান - ধ্বনি।
- ভাষার মূল উপকরণ - বাক্য।
- ভাষার প্রাণ - অর্থবোধক বাক্য।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, সপ্তম ও নবম দশম শ্রেণী এবং বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা-ড. সৌমিত্র শেখর।

**২) জুতো শব্দটি কোন ভাষারীতির?**

ক) সাধু খ) চলিত

গ) প্রাকৃত ঘ) কোল

**সঠিক উত্তরঃ খ) চলিত**

'বুনো' চলিত ভাষারীতির শব্দ।

- এর সাধুরূপ: বন্য।

বন্য (বিশেষণ) শব্দের অর্থ- বনজাত; বনে উৎপন্ন;

- সাধু ভাষা

- বাংলা লেখ্য গদ্যের অপেক্ষাকৃত প্রাচীন রূপ; এর নবীন ও বর্তমানে বহুল প্রচলিত রূপটি হলো চলিত।

- সাধু ভাষা অনেকটা ধ্রুপদী বৈশিষ্ট্যের এবং চলিত ভাষা সর্বসাধারণের জীবন-ঘনিষ্ঠ। ভাষার এই দ্বিধারিক প্রপঞ্চকে বলা হয় দ্বি-ভাষারীতি।

- সাধু ভাষার বাক্যরীতি অনেকটা সুনির্ধারিত। এ ভাষায় তৎসম শব্দের প্রয়োগ বেশি। এতে সর্বনাম, ক্রিয়াপদ প্রভৃতির রূপ মৌখিক ভাষার রূপ অপেক্ষা পূর্ণতর।

- সাধুরীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট।

- এ রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল।

- চলিতরীতি

- বাংলা ভাষার সর্বজনস্বীকৃত ভাষারূপ হচ্ছে -চলিতরীতি/চলনরীতি।

- চলিত রীতি পরিবর্তনশীল অর্থাৎ সময়ের প্রবাহের কারনের চলিত রীতি পরিবর্তিত রূপ লাভ করে।

- চলিত ভাষায় তদ্ভব, দেশি ও বিদেশি শব্দের প্রাধান্য রয়েছে।

উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ)।

**৩) কোনটি দন্ত্য ধ্বনি?**

ক) ণ খ) প

গ) ত ঘ) চ

**সঠিক উত্তরঃ গ) ত**

দন্ত্য ব্যঞ্জন:

যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে জিভের ডগা উপরের পাটির দাঁতে লেগে বায়ুপথে বাধা সৃষ্টি করে, সেগুলোকে দন্ত্য ব্যঞ্জন বলে।

তাল, থালা, দাদা, ধান প্রভৃতি শব্দের ত, থ, দ, ধ দন্ত্য ব্যঞ্জনধ্বনির উদাহরণ।

দন্তমূলীয় ব্যঞ্জন:

যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে জিভের ডগা উপরের পাটির দাঁতের গোড়ার সঙ্গে লেগে বায়ুপথে বাধা সৃষ্টি করে, সেগুলোকে দন্তমূলীয় ব্যঞ্জন বলে।

নানা, রাত, লাল, সালাম প্রভৃতি শব্দের ন, র, ল, স দন্তমূলীয় ব্যঞ্জনধ্বনির উদাহরণ।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, নবম-দশম শ্রেণি, ২০২১ সংস্করণ।

**৪) বাংলা সাহিত্যে ভোরের পাখি কে?**

ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) স্বর্ণকুমারী দেবী

গ) বিহারীলাল চক্রবর্তী ঘ) ঈশ্বরচন্দ্র গুপ্ত

**সঠিক উত্তরঃ গ) বিহারীলাল চক্রবর্তী**

- বাংলা সাহিত্যে 'ভোরের পাখি' হিসেবে খ্যাত বিহারীলাল চক্রবর্তী।

- গীতিকবিতার ক্ষেত্রে তিনি রবীন্দ্রনাথের গুরু হিসেবে খ্যাত।

- রবীন্দ্রনাথ তাকে বাঙলা গীতি কাব্য-ধারার 'ভোরের পাখি' বলে আখ্যায়িত করেন।

- বাংলা সাহিত্যের প্রথম গীতি-কবি হিসেবে সুপরিচিত বিহারীলাল চক্রবর্তী এর জন্ম ১৮৩৫ সালের ২৫ মে কলকাতায়।

তাঁর প্রকাশিত কাব্যগ্রন্থগুলোর নাম-

- স্বপ্নদর্শন, সংগীত শতক, বঙ্গসুন্দরী, নিসর্গ সন্দর্শন, বন্ধু বিয়োগ, প্রেম প্রবাহিনী, সারদামঙ্গল, ইত্যাদি।

উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর; বাংলাপিডিয়া।

**৫) কোন শব্দটি ঘোড়ার সমার্থক?**

ক) তুরঙ্গ খ) ভূজঙ্গ

গ) কুরঙ্গ ঘ) বিহঙ্গ

**সঠিক উত্তরঃ ক) তুরঙ্গ**

- যেসকল শব্দ একই অর্থ প্রকাশ করে, তাদের সমার্থক বা একার্থক শব্দ বলে।

রচনার মাধুর্য সৃষ্টির জন্য অনেক সময় একটা অর্থকেই বিভিন্ন বাক্যে বিভিন্ন শব্দ দ্বারা প্রকাশ করা প্রয়োজন হয়।

- 'অশ্ব' শব্দের সমার্থক শব্দ:

ঘোড়া, ঘোটক, হয়, বাহ, বাজী, তুরঙ্গ, মতুরগ, সৈন্ধব, বাহনশ্রেষ্ঠ, হ্রেষী, মরুদ্রথ, ঘোটকী, তুরঙ্গ, বামী, টাঙ্গন, বড়বা ইত্যাদি।

গুরুত্বপূর্ণ কিছু সমার্থক শব্দ:

'অর্ক' শব্দের সমার্থক শব্দ- সূর্য, তপন, আদিত্য, দিবাকর, ভাস্কর, ভানু,

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

মার্তণ্ড, রবি, সবিতা ইত্যাদি।
'তিমির' শব্দের সমার্থক শব্দ- অন্ধকার, আঁধার, তমসা ইত্যাদি।
'অম্বর' শব্দের সমার্থক শব্দ- আকাশ, গগন, নভঃ, ব্যোম ইত্যাদি।
কুঞ্জর সমার্থক শব্দ- হস্তী- হাতি, গজ, নাগ, মাতঙ্গ, কুঞ্জর, বারণ, দন্তী, দ্বিপ, দ্বিরদ।
উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি।

**৬) মীর মশাররফ হোসেনের ছদ্মনাম কী?**

ক) বনফুল খ) গাজী মিয়া
গ) ভ্রমন ঘ) জরাসন্ধ

**সঠিক উত্তরঃ খ) গাজী মিয়া**

• গাজী মিয়াঁ এবং 'উদাসীন পথিক' উভয় ছদ্মনামেই মীর মশাররফ হোসেন সাহিত্য রচনা করেছেন।
- 'উদাসীন পথিক' ছদ্মনামে মশাররফ হোসেন তাঁর ব্যক্তিজীবনের পটভূমিতে রচনা করেছেন 'উদাসীন পথিকের মনের কথা' (১৮৯০)।
- গ্রন্থটি লেখকের আত্মজীবন নির্ভর কতিপয় বাস্তব ও কাল্পনিক ঘটনা মিশেল উপন্যাসসূলভ সাহিত্যিক উপস্থাপনা।
- 'গাজী মিয়াঁ' ছদ্মনামে মশাররফ হোসেন তাঁর কর্মজীবন নির্ভর আত্মজীবনী মূলক রচনা 'গাজী মিয়াঁর বস্তানী'।
- এতে লেখক নিজেকে ভেড়াকান্ত নামে উল্লেখ করেন।
- এতে বঙ্কিমের 'কমলাকান্তের দপ্তর' -এর প্রভাব পাওয়া যায়।
- মীর মশাররফ হোসেনের আরও দুটি আত্মজীবনীমূলক গ্রন্থ-
- আমার জীবন (১৯১০)
- কুলসুম জীবনী (১৯১০)
উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

**৭) 'পুকুর চুরি' বাগধারাটির অর্থ-**

ক) অবাস্তব বস্তু খ) বড়ো ধরনের চুরি
গ) পুকুর চুরি করা ঘ) লোপাট

**সঠিক উত্তরঃ খ) বড়ো ধরনের চুরি**

• 'পুকুর চুরি' বাগধারাটির অর্থ = বড় ধরনের চুরি।
অনুরূপ কিছু বাগধারা হলো:
'ভরাডুবি' বাগধারাটির অর্থ = সর্বনাশ।
'মগের মুল্লুক' বাগধারাটির অর্থ = অরাজক দেশ।
'বালির বাঁধ' বাগধারাটির অর্থ = অস্থায়ী বস্তু।
উৎস: ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

**৮) উদ্ধৃতি চিহ্ন কোথায় বসে?**

ক) বাক্যের শেষে খ) শ্লেষাত্মক বাক্যের মাঝে
গ) সংলাপে ঘ) প্রশ্নবোধক বাক্যে

**সঠিক উত্তরঃ গ) সংলাপে**

• উদ্ধৃতি চিহ্ন দুই প্রকার। যথা: একক উদ্ধৃতি চিহ্ন এবং জোড় উদ্ধৃতি চিহ্ন।
উদ্ধৃতি বিরাম চিহ্নের ব্যবহার:
১. কথোপকথন ও সংলাপে উদ্ধৃতি চিহ্ন ব্যবহার করা হয়।
২. নির্দিষ্ট শব্দে মনোযোগ আকর্ষনের জন্য উদ্ধৃতি চিহ্ন ব্যবহার করা হয়।
৩. নির্দিষ্ট ভবনের নাম বা গ্রন্থের নাম জানানোর জন্য।
৪. বাক্যে কোনো শব্দ বা বিষয়কে গুরুত্ব দিতে কংিবা গুরুত্ব প্রকাশ করতে উদ্ধৃতি চিহ্ন ব্যবহৃত হয়।ব
উৎস: ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

**৯) ইঁদুর কপালে কী?**

ক) প্রবাদ খ) বাগধারা
গ) সমস্তপদ ঘ) ব্যাসবাক্য

**সঠিক উত্তরঃ খ) বাগধারা**

• ইঁদুর কপালে একটি বাগধারা।
• 'ইঁদুর কপালে' বাগধারাটির অর্থ = মন্দ ভাগ্য।
উদাহরণ: তার মত ইঁদুর কপালে লোক খুব কমই দেখেছি।
এরূপ অন্যান্য কিছু বাগধারা হলো:
- 'জোর-কপাল' বাগধারাটির অর্থ = সুপ্রসন্ন ভাগ্য।
- 'আট কপালে' বাগধারাটির অর্থ = হতভাগ্য।
- 'একাদশে বৃহস্পতি' বাগধারাটির অর্থ = সৌভাগ্যের বিষয়।
- 'অদৃষ্টের পরিহাস' বাগধারাটির অর্থ = ভাগ্যের নিষ্ঠুরতা।
উৎস: ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

**১০) কোন বানানটি শুদ্ধ?**

ক) সমিচীন খ) সমীচিন
গ) সমিচিন ঘ) সমীচীন

**সঠিক উত্তরঃ ঘ) সমীচীন**

শুদ্ধ - সমীচীন (বিশেষণ)
- সংস্কৃত শব্দ
- প্রকৃতি প্রত্যয় = সম্য্ চ+ঈন্
অর্থ:- সংগত, উপযুক্ত, উওম, যথার্থ, সত্য, উচিত।
উৎস:-আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

**১১) নষ্ট হওয়া স্বভাব নয় যার- এক কথায় কী হবে?**

ক) অবিনশ্বর খ) নশ্বর
গ) নষ্ট স্বভাব ঘ) বিনষ্ট

**সঠিক উত্তরঃ ক) অবিনশ্বর**

• 'নষ্ট হওয়াই স্বভাব নয় যার' = অবিনশ্বর

• 'যা কখনো নষ্ট হয় না' = অবিনশ্বর,
কয়েকটি গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ:
- 'যার বাসস্থান নেই' = অনিকেত,
- 'স্থায়ী ঠিকানা নেই যার' = উদ্বাস্তু,
- 'যে বাস্তু থেকে উৎখাত হয়েছে' = উদ্বাস্তু,
- 'যা চিরস্থায়ী নয়' = নশ্বর,

- 'ক্ষণকাল ব্যাপিয়া স্থায়ী' = ক্ষণস্থায়ী,
- 'যা স্থায়ী নয়' = অস্থায়ী,
- 'নষ্ট হওয়ার স্বভাব যার' = নশ্বর।

উৎস: ভাষা-শিক্ষা, হায়াৎ মামুদ।

**১২) দোষী ছাত্রটিকে জরিমানা করা হয়েছে।- এখানে 'ছাত্রটিকে' কোন কারকে কোন বিভক্তি?**

ক) কর্তায় দ্বিতীয়া খ) করণে দ্বিতীয়া
গ) অধিকরণে দ্বিতীয়া ঘ) কর্মকারকে দ্বিতীয়া

**সঠিক উত্তরঃ ঘ) কর্মকারকে দ্বিতীয়া**

দোষী ছাত্রটিকে জরিমানা করা হয়েছে।- এখানে 'ছেলেটিকে' কর্মকারকে দ্বিতীয় বিভক্ত।

কর্মকারক: কর্তা যাকে আশ্রয় করে বা অবলম্বন করে ক্রিয়া সম্পাদন করে তাকে বল হয় কর্মকারক।

কর্মকারকের বিভিন্ন বিভক্তির ব্যবহার।

ক) প্রথমা বা শূন্য অ বিভক্তি : ডাক্তার ডাক।

- আমাকে এক খানা বই দাও। (দ্বিকর্মক ক্রিয়ার মূখ্য কর্ম)
- রবীন্দ্রনাথ পড়লাম, নজরুল পড়লাম, এর সুরাহা খুঁজে পেলাম না।(গ্রন্থ অর্থে বিশিষ্ট প্রয়াে্গ)।

খ) দ্বিতীয়া বা কে বিভক্তি : তাকে বল।

রে বিভক্তি : 'আমারে তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা।

গ) ষষ্ঠী বা র বিভক্তি : তোমার দেখা পেলাম না।

ঘ) সপ্তমীর এ বিভক্তি: জিজ্ঞাসিবে জনে জনে।

উৎস: মাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**১৩) সমাস নির্ণয় করুন 'ধানের ক্ষেত'-**

ক) ষষ্ঠী তৎপুরুষ খ) বহুব্রীহি
গ) কর্মধারয় ঘ) অব্যয়ীভাব

**সঠিক উত্তরঃ ক) ষষ্ঠী তৎপুরুষ**

• পূর্বপদের বিভক্তির লোপে যে সমাস হয় এবং যে সমাসে পরপদের অর্থ প্রধানভাবে বোঝায় তাকে তৎপুরুষ সমাস বলে।

ষষ্ঠী তৎপুরুষ সমাস:

যে তৎপুরুষ সমাসে পূর্বপদে ষষ্ঠী বিভক্তির (র, এর) লাে্প পায় তাকে বলা হয় ষষ্ঠী তৎপুরুষ সমাস বলা হয়।

যেমন-

- ধানের ক্ষেত = ধানক্ষেত,
- চায়ের বাগান = চাবাগান,
- রাজার পুত্র = রাজপুত্র,
- খেয়ার ঘাট= খেয়াঘাট,
- ছাত্রের সমাজ = ছাত্রসমাজ,
- দেশের সেবা = দেশসেবা,
- দিল্লীর ঈশ্বর = দিল্লীশ্বর,
- ছবির ঘর = ছবিঘর,
- বিড়ালের ছানা = বিড়ালছানা
- মৃগীর শিশু = মৃগশিশু

উৎস: নবম-দশম শ্রেণি, বাংলা ব্যাকরণ (২০১৯ সংস্করণ); মাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**১৪) 'শোক' শব্দের বিপরীত-**

ক) দুঃখ খ) হর্ষ
গ) অনুতপ্ত ঘ) ব্যথা

**সঠিক উত্তরঃ খ) হর্ষ**

• শোক শব্দের বিপরীত শব্দ হর্ষ।

- শোক অর্থ দুঃখ।
- বিপরীত অর্থ: (হর্ষ, হরষ, হরিষ -অর্থ আনন্দ); উল্লাস; পুলক।

উৎস: বাংলা একাডেমী অভিধান।

**১৫) উৎ + শ্বাস- এটি কোন সন্ধি?**

ক) নিপাতনে সিদ্ধ খ) স্বরসন্ধি
গ) ব্যঞ্জন সন্ধি ঘ) জটিল সন্ধি

**সঠিক উত্তরঃ গ) ব্যঞ্জন সন্ধি**

• উচ্ছ্বাস = উৎ + শ্বাস

- এটি ব্যঞ্জনসন্ধির উদাহরণ।
- ত (ৎ) ও দ্ এর পর শ্ থাকলে ত্ ও দ্ এর স্থানে চ্ এবং শ্ এর স্থানে ছ উচ্চারিত হয়।
- ত্ + শ = চ্ + ছ = চ্ছ [ উৎ + শ্বাস = উচ্ছ্বাস ]

অনুরূপভাবে, উৎ + শৃঙ্খল = উচ্ছৃঙ্খল।

উৎস: মাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**১৬) বাক্যে সেমিকোলন ( ; ) থাকলে কতক্ষণ থামতে হয়?**

ক) ১ বলতে যে সময় লাগে খ) ১ বলার দ্বিগুণ সময়
গ) ১ সেকেন্ড ঘ) ২ সেকেন্ড

**সঠিক উত্তরঃ খ) ১ বলার দ্বিগুণ সময়**

বিরাম চিহ্ন:

মুখের কথাকে লিখিত রূপ দেওয়ার সময়ে কম-বেশি থামা বোঝাতে যেসব চিহ্ন ব্যবহৃত হয়, সেগুলোকে বিরামচিহ্ন বলে। বক্তব্যকে স্পষ্ট করতেও কিছু চিহ্ন ব্যবহৃত হয়ে থাকে। যতিচিহ্নকে বিরামচিহ্ন বা বিরতিচিহ্নও বলা হয়।

যতি বা ছেদ চিহ্নের বিরতি কাল:

১. কমা - ১ (এক) বলতে যে সময় প্রয়োজন।
২. সেমিকোলন - ১ বলার দ্বিগুণ সময়।
৩. দাঁড়ি বা পূর্ণচ্ছেদ - এক সেকেন্ড।
৪. প্রশ্নবোধক চিহ্ন - এক সেকেন্ড।
৫. বিস্ময় ও সম্বোধন চিহ্ন - এক সেকেন্ড।
৬. কোলন - এক সেকেন্ড।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

৭. ড্যাস - এক সেকেন্ড।
৮. কোলন ড্যাস - এক সেকেন্ড।
৯. হাইফেন - থামার প্রয়োজন নেই।
১০. ইলেক বা লোপ চিহ্ন - থামার প্রয়োজন নেই।
১১. একক উদ্ধৃতি চিহ্ন - 'এক' উচ্চরণে যে সময় লাগে।
১২. যুগল উদ্ধৃতি চিহ্ন - 'এক' উচ্চরণে যে সময় লাগে।
১৩. ব্র্যাকেট (বন্ধনি চিহ্ন) - থামার প্রয়োজন নেই।
১৪. ধাতু দ্যোতক চিহ্ন - থামার প্রয়োজন নেই।
উৎস: ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

**১৭) সুহৃদ কী ধরনের শব্দ?**

ক) মৌলিক খ) রূঢ়ি
গ) যোগরূঢ় ঘ) যৌগিক

সঠিক উত্তরঃ গ) যোগরূঢ়

সমাস নিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোন বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে।

• কয়েকটি যোগরূঢ় শব্দ: পঙ্কজ, রাজপুত, মহাযাত্রা, জলধি, সহৃদ, অসুখ, সরোজ প্রভৃতি।

অন্যদিকে,

• কয়েকটি রূঢ় বা রূঢ়ি শব্দ: প্রবীণ, সন্দেশ, বাঁশি, গবেষণা ইত্যাদি।
• কয়েকটি মৌলিক শব্দ: হাত, পা, এক, তিন, গোলাপ, ফুল ইত্যাদি।
• কয়েকটি যৌগিক শব্দ: গায়ক, নায়ক ইত্যাদি।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ নবম-দশম শ্রেণি।

**১৮) 'তিনি সৎ কিন্তু কৃপণ' বাক্যটি -**

ক) সরল বাক্য খ) যৌগিক বাক্য
গ) মিশ্র বাক্য ঘ) বিস্ময়বোধক বাক্য

সঠিক উত্তরঃ খ) যৌগিক বাক্য

'তিনি সৎ কিন্তু কৃপণ' বাক্যটি যৌগিক।

• পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে।

• যৌগিক বাক্যের অন্তর্গত নিরপেক্ষ বাক্যগুলো এবং, ও, কিন্তু, অথবা, অথচ, বরং, তথাপি প্রভৃতি অব্যয় যোগে সংযুক্ত বা সমন্বিত থাকে।

যেমন:
- তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি।
- তিনি সৎ কিন্তু কৃপণ।
- সত্য কথা বলিনি তাই বিপদে পড়েছি।
- তার বয়স হয়েছে কিন্তু বুদ্ধি হয়নি।
- মেঘ গর্জন করে, তবে ময়ূর নিত্য করে।

উৎস: ভাষা-শিক্ষা, বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, ড. হায়াৎ মামুদ।

**১৯) 'খেচর' শব্দটির অর্থ কী?**

ক) খচ্চর খ) দুষ্ট প্রকৃতির লোক
গ) চাকর ঘ) যে প্রাণী জলেও চরে স্থলেও চরে

**সঠিক উত্তরঃ বাতিল করা হয়েছে।**

খেচর (বিশেষণ)
- সংস্কৃত শব্দ
- প্রকৃতি প্রত্যয় = [খে+√চর্+অ]

অর্থ: আকাশে বিচরণ করে এমন, পাখি।
উৎস: বাংলা একাডেমি, আধুনিক বাংলা অভিধান।
(অপশনে সঠিক উত্তর না থাকায়, উত্তর নেয়া সম্ভব হয় নি।)

**২০) কোনটি নিত্য নারীবাচক শব্দ?**

ক) জেনানা খ) সতীন
গ) শিক্ষিকা ঘ) ধাত্রী

**সঠিক উত্তরঃ খ) সতীন**

সাধারণত নারীবাচক শব্দ দুই ধরনের।
১. পত্নীবাচক ও ২. অপত্নীবাচক
- স্বামী স্ত্রী সম্পর্ক বুঝালে তা পত্নীবাচক শব্দ হয়।
যেমন- দাদা - দাদি, চাচা - চাচি, জেলে - জেলেনি, ইত্যাদি।
- অন্যদিকে স্বামী স্ত্রী সম্পর্ক না বুঝালে তা অপত্নীবাচক শব্দ হয়।
যেমন - খোকা - খুকি, ছাত্র - ছাত্রী, শিক্ষক - শিক্ষিকা, নেতা - নেত্রী ইত্যাদি।
কিছু শব্দ আছে যা নিত্য নরবাচক ও নিত্য নারীবাচক।
- নিত্য নরবাচক শব্দের উদাহরণ - কৃতদার, অকৃতদার।
- নিত্য নারীবাচক শব্দের উদাহরণ - সতীন, বিধবা।
উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২১ সংস্করণ)।

**২১) কোনটি জীবনানন্দ দাশের কাব্য নয়?**

ক) ঝরা পালক খ) সাতটি তারার তিমির
গ) অর্কেস্ট্রা ঘ) মহাপৃথিবী

**সঠিক উত্তরঃ গ) অর্কেস্ট্রা**

- 'অর্কেস্ট্রা' কাব্যগ্রন্থটি সুধীন্দ্রনাথ দত্ত রচনা করেন।
• সুধীন্দ্রনাথ দত্ত:
- কবি, প্রাবন্ধিক ও পত্রিকা সম্পাদক হিসেবে সমধিক পরিচিত ছিলেন।
- তিনি ১৯০১ সালের ৩০ অক্টোবর কলকাতার হাতীবাগানে জন্মগ্রহন করেন।
- পিতা হীরেন্দ্রনাথ দত্ত ছিলেন একজন বিশিষ্ট দার্শনিক।
- তাঁর স্ত্রী রাজেশ্বরী বাসুদেব প্রসিদ্ধ গায়িকা ছিলেন।

• তাঁর রচিত কাব্যগ্রন্থ:
- তন্বী, অর্কেস্ট্রা, ক্রন্দসী, উত্তরফাল্গুনী, সংবর্ত, দশমী।
• তাঁর রচিত প্রবন্ধগ্রন্থ:
- স্বগত।
- কুলায় ও কালপুরুষ।
এছাড়াও 'প্রতিধ্বনি' নামে তাঁর একটি অনুবাদগ্রন্থও আছে।
উৎস: বাংলাপিডিয়া ও বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**২২) 'ফুড কনফারেন্স'- এর রচয়িতা কে?**
ক) মীর মশাররফ হোসেন খ) কাজী নজরুল ইসলাম
গ) ড. মুহম্মদ শহীদুল্লাহ ঘ) আবুল মনসুর আহমদ
**সঠিক উত্তরঃ ঘ) আবুল মনসুর আহমদ**
• আবুল মনসুর আহমদ রচিত ফুড কনফারেন্স (১৯৪৪) একটি গল্পগ্রন্থ।
- এই গ্রন্থে ১৩৫০ সালের (পঞ্চাশের মন্বন্তর) দুর্ভিক্ষের বাস্তব করুণ চিত্র বিভিন্ন দৃষ্টিকোণ থেকে আকার চেষ্টা করেছেন।
- এই গ্রন্থে মোট ৯টি গল্প রয়েছে।
তার রচিত আরো দুটি বিখ্যাত গল্পগ্রন্থ -
- আয়না (ব্যঙ্গ গল্পের সংকলন)
- আসমানী পর্দা
• আবুল মনসুর আহমদ (১৮৯৮-১৯৭৯): সাংবাদিক, আইনজীবী, রাজনীতিবিদ, সাহিত্যিক।
- আবুল মনসুর আহমদ বিভিন্ন সময়ে বিভিন্ন দলীয় রাজনীতির সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত থাকলেও বিদ্রুপাত্মক রচনার লেখক হিসেবেই তিনি সর্বাধিক পরিচিত।
তাঁর রচিত উপন্যাসের মধ্যে রয়েছে:
- সত্যমিথ্যা, জীবন ক্ষুধা ও, আবে-হায়াৎ।
স্মৃতিকথা: - আত্মকথা।
উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর এবং মোহসীনা নাজিলা রচিত শীকর বাংলা ভাষা ও সাহিত্য।

**২৩) কালি ও কলম কী?**
ক) উপন্যাস খ) কাব্যগ্রন্থ
গ) পত্রিকা ঘ) প্রবন্ধ
**সঠিক উত্তরঃ গ) পত্রিকা**
• কালি ও কলম সাহিত্য, শিল্প, সংস্কৃতি বিষয়ক বাংলা মাসিক প্রত্রিকা, যা ঢাকা থেকে প্রকাশিত হয়।
- ২০০৪ সাল থেকে এটি বিরতি দিয়ে প্রকাশ হলেও বর্তমানে এটি মাসিক ভিত্তিতে প্রকাশিত হয়।
- প্রকাশক আবুল খায়ের, এবং সম্পাদকমণ্ডলীর সভাপতি হলেন শিক্ষাবিদ ও লেখক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্যের অধ্যাপক আনিসুজ্জামান।
উৎস: বাংলাপিডিয়া।

**২৪) প্রত্যয় কয় প্রকার?**
ক) এক খ) দুই
গ) তিন ঘ) চার
**সঠিক উত্তরঃ খ) দুই**
• প্রত্যয় প্রধানত দুই প্রকার। যথা:
১. কৃৎ প্রত্যয় এবং ২.তদ্ধিত প্রত্যয়।
কৃৎ প্রত্যয়:
ক্রিয়া প্রকৃ্তির সঙ্গে যে ধ্বনি বা ধ্বনি-সমষ্টি যুক্ত হয়, তাকে বলে কৃৎ প্রত্যয়।
- যেমন: চল (ধাতু) + অন্ত = চলন্ত, কৃ (ধাতু) + তব্য = কর্তব্য
- বাংলা ভাষায় দু ধরনের কৃৎ প্রত্যয়ের ব্যবহার আছে। যথা : বাংলা কৃৎ প্রত্যয় ও সংস্কৃত কৃৎ প্রত্যয়।
তদ্ধিত প্রত্যয়:
শব্দের সঙ্গে বা শেষে যেসব প্রত্যয় যোগ হয়ে নতুন শব্দ গঠিত হয় সেগুলোকে তদ্ধিত প্রত্যয় বলে।
- যেমন: চোর+আ = চোরা, কেষ্ট+আ = কেষ্টা, ডিঙি+আ = ডিঙা, বাঘ্+আ = বাঘা, হাত্+আ = হাতা
বাংলা ভাষায় তদ্ধিত প্রত্যয় তিন প্রকার। যথা:
• বাংলা তদ্ধিত প্রত্যয়
• সংস্কৃত তদ্ধিত প্রত্যয়
• বিদেশি তদ্ধিত প্রত্যয়
উৎস: ভাষা শিক্ষা- ড. হায়াৎ মামুদ।

**২৫) বাংলা সাহিত্যের আধুনিকতম শাখা কোনটি?**
ক) কাব্য খ) ছোটোগল্প
গ) নাটক ঘ) উপন্যাস
**সঠিক উত্তরঃ খ) ছোটোগল্প**
• বাংলা সাহিত্যের আধুনিক যুগের অন্যতম উপাদান ও আধুনিকতম শাখা হলো ছোটগল্প।
- বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের হাত ধরে বাংলা সাহিত্যে ছোটগল্প স্থান লাভ করে বিধায় তাকে ছোটগল্পের জনক বলা হয়।
অন্যদিকে,
• বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম শাখা কাব্য।
- 'চর্যাপদ' বাংলা ভাষার প্রথম কাব্যগ্রন্থ/কবিতা সংকলন/ গানের সংকলন। যা বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম নিদর্শন।
- এটি বাংলা সাহিত্যের আদি যুগের একমাত্র লিখিত নিদর্শন।
উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর ও বাংলাপিডিয়া।

**২৬) Which one is the correct passive form of the sentence 'Your conduct pleased me'?**
ক) I am pleased of your conduct
খ) I was pleased with your conduct
গ) I was pleased by your conduct
ঘ) I was pleased at your conduct
**সঠিক উত্তরঃ ঘ) I was pleased at your conduct**
• Active voice কে Passive voice এ রূপান্তরের নিয়ম:
- Active Voice এর object টি Passive voice এর subject হয় + Tense অনুযায়ী Auxiliary verb + মূল verb এর past participle + Active voice এর subject টি Passive voice এর

object হয় এবং তার পূর্বে Preposition (By, with, at, to ,in) বসে।
-ব্যাক্তির ক্ষেত্রে with বসে আর ব্যক্তির কাজ বা বস্তর উপরে সন্তুষ্টি বোঝাতে at বসে।
- যেহেতু প্রশ্নে ব্যক্তির আচরনের উপর সন্তুষ্টি বোঝানো হয়েছে তাই pleased at বসবে।
• Active Voice: Your conduct pleased me
- Passive voice: I was pleased at your conduct.

**২৭) Choose the verb form of 'friend'.**
ক) friendship খ) friended
গ) befriend ঘ) enfriend
**সঠিক উত্তরঃ গ) befriend**
• Friend অর্থ বন্ধু যা একটি noun.
- এর verb হচ্ছে befriend যার অর্থ কাউকে বন্ধু হিসেবে গ্রহণ করা।
- Be prefix যুক্ত হয়ে এটি noun থেকে verb হয়েছে।
• অন্যদিকে,
- friendship - (noun) বন্ধুত্ব; সখ্য; মিত্রতা;মৈত্রী; সৌহার্দ; মৈত্র; বন্ধুতা।
Source: Accessible Dictionary

**২৮) 'তার জন্য জায়গা করে দাও' এর শুদ্ধ ইংরেজি _______**
ক) Make place for him
খ) Manage place for him
গ) Make accommodation for him
ঘ) Make room for him
**সঠিক উত্তরঃ ঘ) Make room for him**
• 'তার জন্য জায়গা করে দাও' এর শুদ্ধ ইংরেজি হবে - Make room for him.
• Make Room - move aside or move something aside to allow someone to enter or pass or to clear space for something.
- অর্থাৎ, কারো জন্য বা কোনো কিছুর জন্য জায়গা সৃষ্টি করা অর্থে make room ব্যবহৃত হয়।
Source: Oxford Learners Dictionary.

**২৯) What is the synonym of 'reveal'?**
ক) disclose খ) conceal
গ) proclaim ঘ) pacify
**সঠিক উত্তরঃ ক) disclose**
• 'reveal' - দৃষ্টিগোচর করানো; প্রকাশ করা।
• প্রশ্নে উল্লেখিত অপশন গুলোর মধ্যে -
ক) disclose - অনাবৃত করা; খুলে দেওয়া।
খ) conceal - গোপন করা; লুকিয়ে রাখা; গুপ্ত বা অব্যক্ত রাখা; ছদ্মবেশ পরানো
গ) proclaim - ঘোষণা/উৎকীর্তন/অনুকীর্তন/প্রচার/বিঘোষিত করা
ঘ) pacify - শান্ত করা; প্রশমিত করা; হিংসা বা সন্ত্রাসের পরিসমাপ্তি ঘটানো।
- সুতরাং, বোঝা যাচ্ছে উল্লেখিত অপশন গুলোর মধ্যে disclose শব্দটি reveal এর সমার্থক অর্থ প্রকাশ করে।
- তাই সঠিক উত্তর - disclose.
Source: Bangla Academy Dictionary.

**৩০) Fill in the blank with appropriate preposition in the sentence: I am pleased ____ hear about your promotion.**
ক) by খ) to
গ) with ঘ) for
**সঠিক উত্তরঃ খ) to**
• শূন্যস্থানে সঠিক উত্তর হবে - to.
- Complete Sentence: I am pleased to hear about your promotion.
- Pleased to hear about somthing: কোনো কিছু জেনে/ শুনে খুশি হওয়া বোঝাতে ব্যবহৃত হয়।

৩১) 'Swan song' means ________
ক) First work খ) Last work
গ) Middle work ঘ) Early work
সঠিক উত্তরঃ খ) Last work
• `Swan Song' means - last work.
• Swansong
English Meaning: the final performance or activity of a person's career / last work.
Bangla Meaning: শেষ কর্ম / রচনা।
Ex. Sentence: 'The Tempest' is known as Shakespeare's Swansong.
Bangla Meaning: 'দ্যা টেম্পেস্ট' কে শেক্সপিয়ারের শেষ কীর্তি / রচনা বলা হয়।
Source: Live MCQ Lecture.

**৩২) Sinners will suffer _______**
ক) in fine খ) in the long run
গ) in no time ঘ) in the court
**সঠিক উত্তরঃ খ) in the long run**
• শূন্যস্থানে সঠিক বাক্য হবে - in the long run.
- Complete Sentence: Sinners will suffer in the long run.
- বাক্যটির বাংলা অর্থ করলে পাওয়া যায় - পাপীরা পরিণামে দুঃখ ভোগ করে
- in the long run - over or after a long period of time; eventually.

**৩৩) 'All men must die' _______ Negative form of this sentence is ________**

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

ক) No men will never die
খ) None but all men will die
গ) Nothing but all men must die
ঘ) None can avoid death
**সঠিক উত্তরঃ ঘ) None can avoid death**

**৩৪) I would rather die ________**
ক) to beg খ) than beg
গ) than begging ঘ) than would have begged
**সঠিক উত্তরঃ খ) than beg**
• would rather অর্থ – বরং করব/বলব/যাব ইত্যাদি।
- would rather দিয়ে দুটি কাজের মধ্যে দ্বিতীয়টির চেয়ে প্রথমটি শ্রেয়, এ রকম বোঝায়।
- Would rather এর পরে Verb এর Present form হয়।
- সুতরাং, নিয়মানুযায়ী সঠিক উত্তর - would rather die.
- Structure: Sub + would rather + verb এর present form + than + verb/noun.

**৩৫) Had I been rich, I ______.**
ক) would have helped the poor
খ) will help the poor
গ) had helped the poor
ঘ) than would have begged
**সঠিক উত্তরঃ ক) would have helped the poor**
• শূন্যস্থানে সঠিক উত্তর হবে - would have helped the poor.
- Complete Sentence: Had i been rich, I would have helped the poor.
• Third conditional এর নিয়মানুযায়ী -
- Had + Subject + Past Participle দ্বারা কোন Conditional sentence শুরু হলে এর অপর sentence perfect conditional
- অর্থাৎ subject এরপর would have/could have/might have বসে এবং এর পরের verbটির past participle form হয়
- তাই নিয়মানুযায়ী শূন্যস্থানে would have helped the poor বসবে।

**৩৬) Do not insist ______ his going there.**
ক) to খ) on
গ) with ঘ) in
**সঠিক উত্তরঃ খ) on**
• শূন্যস্থানে সঠিক উত্তর হবে - on.
- Complete Sentence: Do not insist on his going there.
• Insist on/upon/ Insist on doing something
- To keep doing something, even if it annoys other people, or people think it is not good for you.
- বাংলায়, কোনো কিছুতে জোর দেওয়া বা পীড়াপীড়ি করা ।
- Insist on/upon এর সাথে verb এর ing form বসে।
যেমন:
- He insisted on my going there.
- She insists on doing everything her own way.

**৩৭) What is the noun form of 'believe'?**
ক) believe খ) belief
গ) believable ঘ) believance
**সঠিক উত্তরঃ খ) belief**
• Believe (verb) - accept that (something) is true, especially without proof; বিশ্বাস করা।
- এর Noun হলো: Belief - an acceptance that something exists or is true, especially one without proof; বিশ্বাস।
Source: Bangla Academy Dictionary.

**৩৮) Select the right word to fill in the sentence 'He ran fast lest he ________ miss the train.'**
ক) can খ) should
গ) could ঘ) would
**সঠিক উত্তরঃ খ) should**
• শূন্যস্থানে সঠিক উত্তর হবে -should.
- Complete sentence: 'He ran fast lest he should miss the train.'
• Lest:
- Lest শব্দের অর্থ 'পাছে ভয় হয় যে [for fear that]
- Lest নিজেই নেগেটিভ অর্থ প্রদান করে। তাই lest দ্বারা কোনো clause শুরু হলে তাতে not/no বসে না।
- Lest দ্বারা যুক্ত দু'টি clause এর মধ্যে পরবর্তী verb এর আগে should/might/ be বসে।

**৩৯) Phonetics is concerned with _________**
ক) Pronunciation খ) Word building
গ) Sentence making ঘ) Passage
**সঠিক উত্তরঃ ক) Pronunciation**
• Phonetics is concerned with - Pronunciation
• 'Phonetics'
- English Meaning: the study and classification of speech sounds
- Bangla Meaning: (ভাষার ক্ষেত্রে) যে বানানপদ্ধতি শব্দের/উচ্চারণের সঙ্গে সঙ্গতিপূর্ণ।
Source: Oxford Dictionary and Bangla Academy Dictionary.

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৪০) He advised me _______ smoking.**

ক) give up    খ) to stop

গ) to give up    ঘ) from giving up

**সঠিক উত্তরঃ গ) to give up**

• শূন্যস্থানে সঠিক উত্তর হবে - to give up

- Complete Sentence: He advised me to give up smoking.

• কিছু verb আছে যেগুলোর পরে যদি verb ব্যবহার করতে হয় তাহলে Infinitive (verb এর base form অথবা to + verb এর base form.) ব্যবহার করতে হবে।

- যেমন- Advise, Manage, Arrange, Demand, Fail, Desire, Propose, Seem, Forget, Hope ইত্যাদি।

- He advised me to give up smoking.

**৪১) Would you mind (to take) simply a cup of coffee? The correct verb form would be _______**

ক) to take    খ) taken

গ) taking    ঘ) for taking

**সঠিক উত্তরঃ গ) taking**

• উল্লেখিত প্রশ্নে সঠিক উত্তর হচ্ছে taking.

• Would you mind যুক্ত incomplete sentence কে complete করার নিয়ম:

- Would you mind এরপর verb এর মূল form এর সাথে ing যোগ করতে হয়।

Structure: Would you mind + verb + ing + object.

Example:

- Would you mind coming to my house?

- Would you mind opening the door?

- Would you mind Taking a cup of tea?

- Would you mind giving some money?

**৪২) The passive form of the sentence 'Do it as I say' is _________**

ক) Let it be done as is said by me

খ) Let it be done as I say

গ) It should be done as I say

ঘ) Be it done as it is said

**সঠিক উত্তরঃ খ) Let it be done as I say**

• Verb দ্বারা আরম্ভ হওয়া imperative sentence কে passive voice করার নিয়ম হলো-

- Structure: let + object + be + verb এর past participle বসে।

- তাই নিয়মানুযায়ী সঠিক উত্তর - Let it be done as I say

**৪৩) 'Blue blood' means ______**

ক) aristocratic birth    খ) scoundrel

গ) fresh blood    ঘ) blood of king

**সঠিক উত্তরঃ ক) aristocratic birth**

• 'Blue blood' phrase টির অর্থ আভিজাত্য।

• অপশনে উল্লেখিত অপশন গুলোর মধ্যে -

- aristocratic birth অর্থ অভিজাত বংশ।

- scoundrel অর্থ নীচমনা

- fresh blood - তাজা রক্ত

- তাই সঠিক উত্তর হলো aristocratic blood.

• Blue blood

English Meaning: membership in a noble or socially prominent family.

Bangla Meaning: অভিজাত।

Ex. Sentence: Man should not boast of his blue blood.

Bangla Meaning: মানুষের নিজেদের আভিজাত্য নিয়ে অহংকার করা উচিত নয়।

Source: Live MCQ Lecture

**৪৪) I look forward _______ you.**

ক) to see    খ) meeting

গ) to hearing from    ঘ) to meet

**সঠিক উত্তরঃ গ) to hearing from**

উল্লেখিত প্রশ্নের সঠিক উত্তর হচ্ছে - to hearing from.

- Complete Sentence: I look forward to hearing from you.

• Use of Look forward:

- Look forward এরপর to + verb + ing বসে।

Example:

- I look forward to hearing from you soon.

- I am looking forward to seeing you.

- My friend is looking forward to going to London.

• এছাড়াও mind, cannot help, could not help, with a view to, look forward to ইত্যাদি শব্দের পর কোনো verb বসলে সেই verb এর সাথে ing যুক্ত করতে হয়।

Source: CLIFFS TOEFL.

**৪৫) We worked hard so that we ________ succeed.**

ক) can    খ) could

গ) may    ঘ) should

**সঠিক উত্তরঃ খ) could**

• শূন্যস্থানে সঠিক উত্তর হবে - could.

- Complete sentence: We worked hard so that we could

succeed.

• So that যুক্ত complex sentence গুলোতে সাধারণত can, could , may, might ইত্যাদি বসে।

- প্রশ্নে উল্লেখিত বাক্যটি যেহেতু past tense - এ আছে, তাই so that এর পরে can এর past form 'could ' বসবে।

**৪৬) _______ water of this pond is clear. Use article.**

ক) The
খ) a
গ) no article
ঘ) an

**সঠিক উত্তরঃ ক) The**

• শূন্যস্থানে সঠিক article হবে - the.

- Complete Sentence: The water of this pond is clear.

• Water মূলত একটি material noun.

- Article এর নিয়মানুযায়ী,

- Material noun এর পুর্বে সাধারনত article the বসে না।

- কিন্তু নির্দিষ্ট অর্থে material noun ব্যবহৃত হলে এর পূর্বে the বসবে। প্রশ্নে উল্লেখিত বাক্যে নির্দিষ্ট একটি পুকুরের পানির কথা বলা হয়েছে বিধায় water এর পূর্বে the বসবে।

**৪৭) Which one is a compound noun?**

ক) Headmaster
খ) Information
গ) Friday
ঘ) Examination

**সঠিক উত্তরঃ ক) Headmaster**

• Headmaster একটি compound noun

- যা head (মাথা) এবং master (শিক্ষক) এ দুটি noun নিয়ে গঠিত।

• Compound Nouns:

- A compound noun is a noun that is made with two or more words.

- অর্থাৎ দুই বা ততোধিক শব্দ নিয়ে যে noun গঠিত হয় সেগুলোকে compound noun বলা হয়।

- A compound noun is usually [noun + noun] or [adjective + noun], but there are other combinations. Each compound noun acts as a single unit and can be modified by adjectives and other nouns.

There are three forms for compound nouns:

1. open or spaced - space between words (tennis shoe)
2. hyphenated - hyphen between words (six-pack)
3. closed or solid - no space or hyphen between words (bedroom)

**৪৮) The man was ________ murder.**

ক) hung for
খ) hanged for
গ) hanged
ঘ) hung to

**সঠিক উত্তরঃ খ) hanged for**

• শূন্যস্থানে সঠিক উত্তর হবে - hanged for

- Complete sentence: The man was hanged for murder.

• Hang অর্থ ঝুলানো।আবার ফাঁসিতে ঝুলানো।

- কিন্তু যখন ফাঁসিতে ঝুলানো অর্থে ব্যবহৃত হয় তখন এর past & past participle form হবে hanged এবং এর সাথে preposition হিসাবে for বসে।

**৪৯) 'Head over heels in love' means ______**

ক) loving somebody
খ) disliking somebody very much
গ) hating love strongly
ঘ) loving somebody very much

**সঠিক উত্তরঃ ঘ) loving somebody very much**

• 'Head over heels in love' means - loving somebody very much.

• Head over heels (in love)

English Meaning: completely in love / madly in love.

Bangla Meaning: গভীরভাবে একজনের প্রেমে পরা / প্রেমে মজে যাওয়া

Ex. Sentence: Zakir fell head over heels in love with Zarin.

Bangla Meaning: জাকির জারিনের প্রেমে হাবুডুবু খেয়েছিল।

Source: Live MCQ Lecture

**৫০) Choose the correct sentence :**

ক) No sooner had I came than he went
খ) No sooner I come than he went away
গ) No sooner had I come when he went away
ঘ) No sooner had I come than he went away

**সঠিক উত্তরঃ ঘ) No sooner had I come than he went away**

• Correct sentence টি হচ্ছে - No sooner had I come than he went away.

- বাক্যে No sooner had থাকলে এর প্রথম অংশ Past Perfect এবং Verb এর Past Participle হয় এবং ২য় অংশে Past Indefinite হয়।

- No sooner had থাকলে পরের অংশে than (then নয়) ব্যবহৃত হয়।

**৫১) দুইটি সংখ্যার ল.সা.গু. ৮৪, গ.সা.গু ৭ । একটি সংখ্যা ২১ হলে অপর সংখ্যাটি কত?**

ক) ৪
খ) ১২
গ) ৩২
ঘ) ২৮

**সঠিক উত্তরঃ ঘ) ২৮**

আমরা জানি,

দুইটি সংখ্যার গুণফল = ল.সা.গু. × গ.সা.গু.

বা, ২১ × অপর সংখ্যা = ৮৪ × ৭

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

বা, অপর সংখ্যা = (৮৪ × ৭)/২১

∴ অপর সংখ্যা = ২৮

**৫২) নিচের কোন ক্রমজোড়টি সহমৌলিক?**

ক) (৪, ৬) খ) (৬, ৯)

গ) (৯, ১২) ঘ) (১২, ১৭)

**সঠিক উত্তরঃ ঘ) (১২, ১৭)**

দুই বা ততোধিক সংখ্যার সাধারণ গুণনীয়ক কেবল ১ হলে, ঐ সংখ্যাগুলো পরস্পর সহমৌলিক।

এখানে,

১২ ও ১৭ ক্রমজোড়টি সহমৌলিক

১২ = ১ × ২ × ২ × ৩

১৭ = ১ × ১৭

**৫৩) $x - 1/x = 1$ হলে $x^3 - 1/x^3$ এর মান কত?**

ক) 2 খ) 4

গ) 6 ঘ) 8

**সঠিক উত্তরঃ খ) 4**

$x - 1/x = 1$

এখন,

$x^3 - 1/x^3 = (x - 1/x)^3 + 3 . x .1/x(x - 1/x)$

$= 1^3 + 3 . 1$

$= 1 + 3$

$= 4$

**৫৪) নিচের কোনটি বৃত্তের সমীকরণ?**

ক) $3x^2 + 4y^2 = 2$ খ) $xy = 1$

গ) $x + y = 4$ ঘ) $x^2 + y^2 = 5$

**সঠিক উত্তরঃ ঘ) $x^2 + y^2 = 5$**

বৃত্তের সমীকরণের বৈশিষ্ট্য:

(i) x, y এর সর্বোচ্চ ঘাত 2।

(ii) $x^2$ ও $y^2$ এর সহগ সমান।

(iii) xy সম্বলিত পদ না থাকা।

∴ বৃত্তের সমীকরণের বৈশিষ্ট্য অনুযায়ী $x^2 + y^2 = 5$ বৃত্তের সমীকরণ

**৫৫) $\log_x 324 = 4$ হলে, x এর মান কত?**

ক) $3\sqrt{2}$ খ) $2\sqrt{3}$

গ) $3\sqrt{3}$ ঘ) $2\sqrt{2}$

**সঠিক উত্তরঃ ক) $3\sqrt{2}$**

$\log_x 324 = 4$

বা, $x^4 = 324$

বা, $x^4 = 3^4 . 2^2$

বা, $x^4 = (3\sqrt{2})^4$

∴ $x = 3\sqrt{2}$

**৫৬) একটি বৃত্তের ক্ষেত্রফল 9 গুণ বৃদ্ধি করলে ব্যাসার্ধ কত গুণ বৃদ্ধি পাবে?**

ক) 3 গুণ খ) 6 গুণ

গ) 9 গুণ ঘ) 18 গুণ

**সঠিক উত্তরঃ ক) 3 গুণ**

ধরি,

বৃত্তের প্রাথমিক ক্ষেত্রফল 1 বর্গএকক

বৃত্তের পরিবর্তিত ক্ষেত্রফল 1 x 9 বা, 9 বর্গএকক

প্রাথমিক ও পরিবর্তিত ব্যাসার্ধ যথাক্রমে r ও R হলে

প্রশ্নমতে,

$1/9 = \pi r^2/\pi R^2$

বা, $r^2/R^2 = 1/9$

∴ $r : R = 1 : 3$

∴ ব্যাসার্ধ 3 গুণ বাড়বে।

**৫৭) কোনো সমকোণী ত্রিভুজের সূক্ষ্ম কোণদ্বয়ের পার্থক্য 20° হলে ক্ষুদ্রতম কোণটির মান কত?**

ক) 35° খ) 40°

গ) 45° ঘ) 55°

**সঠিক উত্তরঃ ক) 35°**

ধরি,

ক্ষুদ্রতম কোণ x এবং

অপর ক্ষুদ্রতম কোণ x + 20°

এখন,

$x + x + 20° + 90° = 180°$

$\Rightarrow 2x = 180° - 110°$

$\Rightarrow 2x = 70°$

$\Rightarrow x = 70°/2$

∴ $x = 35°$

∴ ক্ষুদ্রতম কোণ 35°

**৫৮) ১০ টাকায় ১ হালি লেবু কিনে ৬০ টাকায় কত হালি লেবু বিক্রয় করলে ২০% লাভ হবে?**

ক) ৫ খ) ৬

গ) ৭ ঘ) ৪

**সঠিক উত্তরঃ ক) ৫**

২০% লাভে,

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১২০ টাকা

∴ ক্রয়মূল্য ১ টাকা হলে বিক্রয়মূল্য = ১২০/১০০ টাকা

∴ ক্রয়মূল্য ১০ টাকা হলে বিক্রয়মূল্য = (১২০ × ১০)/১০০ টাকা

= ১২ টাকা।

এখন,

২০% লাভ করতে ,

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

১২ টাকায় বিক্রি করতে হবে = ১ হালি লেবু
∴ ১ টাকায় বিক্রি করতে হবে = ১/১২ হালি লেবু
∴ ৬০ টাকায় বিক্রি করতে হবে = (১ × ৬০)/১২ হালি লেবু
= ৫ হালি লেবু।

**৫৯) বেলা ২.৩০ ঘটিকায় সময় ঘড়িতে ঘন্টা ও মিনিটের কাঁটা পরস্পর কত ডিগ্রি কোণ উৎপন্ন করবে?**

ক) ৯০° খ) ১০৫.৫°
গ) ৬০° ঘ) ১২০°

**সঠিক উত্তরঃ খ) ১০৫.৫°**

আমরা জানি,
মধ্যবর্তী কোণ = |(১১M – ৬০H/২|°
= |{(১১ × ৩০) - (৬০ × ২)}/২|°
= |২১০/২|°
= ১০৫°
*[কাছাকাছি বিবেচনায় ১০৫.৫° অধিক গ্রহণযোগ্য উত্তর হিসেবে নেওয়া হয়েছে।]*

**৬০) ১ থেকে ৪০ পর্যন্ত কতগুলো মৌলিক সংখ্যা বিদ্যমান?**

ক) ১০ খ) ১১
গ) ১২ ঘ) ১৩

**সঠিক উত্তরঃ গ) ১২**

১ থেকে ৪০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হলো
২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭।
∴ ১ থেকে ৪০ পর্যন্ত মৌলিক সংখ্যা ১২ টি।

**৬১) এক ব্যক্তির মাসিক আয় ও ব্যয়ের অনুপাত ৫ : ৩ এবং তাঁর মাসিক সঞ্চয় ১০,০০০ টাকা হলে তিনি কত টাকা আয় করেন?**

ক) ২০,০০০ খ) ২২,৫০০
গ) ২৫,০০০ ঘ) ৩০,০০০

**সঠিক উত্তরঃ গ) ২৫,০০০**

মনে করি,
আয় ও ব্যয় যথাক্রমে ৫ক এবং ৩ক
শর্তমতে,
৫ক - ৩ক = ১০০০০
বা, ২ক = ১০০০০
∴ ক = ৫০০০
∴ আয় = ৫ x ৫০০০ = ২৫০০০ টাকা

**৬২) একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য 6 cm হলে, এর ক্ষেত্রফল কত হবে?**

ক) 12 sq.cm খ) 18 sq.cm
গ) 24 sq.cm ঘ) 36 sq.cm

**সঠিক উত্তরঃ খ) 18 sq.cm**

ধরি,
বর্গের কর্ণ = a
প্রশ্নমতে,
$a\sqrt{2} = 6$
বা, $2a^2 = 36$
∴ $a^2 = 18$ cm.
বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 18 sq.cm

**৬৩) 1 + 3 + 6 + 10 + 15 + ............... ধারাটির সপ্তম পদটি কত?**

ক) 20 খ) 25
গ) 21 ঘ) 26

**সঠিক উত্তরঃ বাতিল করা হয়েছে।**

ধারাটিতে,
প্রথম পদ = 1
দ্বিতীয় পদ = 3 = 1 + 2
তৃতীয় পদ = 6 = 3 + 3
চতুর্থ পদ = 10 = 6 + 4
পঞ্চম পদ = 15 = 10 + 5
ষষ্ঠ পদ = 21 = 15 + 6
∴ সপ্তম পদ = ৬ষ্ঠ পদ + 7 = 21 + 7
= 28
*[অপশনে সঠিক উত্তর না থাকায় প্রশ্নটি বাতিল করা হলো]*

**৬৪) কোনো সংখ্যার ৬০% থেকে ৬০ বিয়োগ করলে বিয়োগফল ৬০ হলে সংখ্যাটি হবে-**

ক) ২৫০ খ) ৩০০
গ) ১০০ ঘ) ২০০

**সঠিক উত্তরঃ ঘ) ২০০**

ধরি,
সংখ্যাটি = ক
প্রশ্নমতে,
∴ ক এর ৬০% - ৬০ = ৬০
বা, ক এর (৬০/১০০) - ৬০ = ৬০
বা, ৬০ক/১০০ = ৬০ + ৬০
বা, ৬০ক/১০০ = ১২০
বা, ৬০ক = ১২০ × ১০০
বা, ৬০ক = ১২০০০
বা, ক = ১২০০০/৬০
∴ ক = ২০০
∴ সংখ্যাটি = ২০০

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৬৫) ৬০ জন ছাত্রের মধ্যে ৪২ জন ফেল করলে পাসের হার কত?**

ক) ২৫% খ) ৩০%

গ) ৩২% ঘ) ৪০%

সঠিক উত্তরঃ খ) ৩০%

পাশ করে = (৬০ - ৪২) জন = ১৮ জন

৬০ জন ছাত্রের মধ্যে পাশ করে = ১৮ জন

১ জন ছাত্রের মধ্যে পাশ করে = ১৮/৬০ জন

∴ ১০০ জন ছাত্রের মধ্যে পাশ করে = (১৮ × ১০০)/৬০ জন

= ৩০ জন

**৬৬) $3x^3 + 2x^2 - 21x - 20$ রাশির একটি উৎপাদক হচ্ছে __**

ক) $x + 2$ খ) $x - 2$

গ) $x + 1$ ঘ) $x - 1$

**সঠিক উত্তরঃ গ) $x + 1$**

ধরি,

$f(x) = 3x^3 + 2x^2 - 21x - 20$

∴ $f(-1) = 3(-1)^3 + 2(-1)^2 - 21(-1) - 20$

$= -3 + 2 + 21 - 20$

$= 0$

যেহেতু $f(-1) = 0$ হয়,

সুতরাং, $x - (-1)$ বা $x + 1$ হচ্ছে প্রদত্ত রাশির একটি উৎপাদক।

**৬৭)** $(\sqrt[3]{3} \times \sqrt[3]{4})^6$ = কত?

ক) 12 খ) 36

গ) 48 ঘ) 144

**সঠিক উত্তরঃ ঘ) 144**

$= (3^{1/3} \times 4^{1/3})^6$

$= (3 \times 4)^{6/3}$

$= (12)^2$

$= 144$

**৬৮) $3^{3x-8} = 3^4$ হলে x - এর মান কত?**

ক) 3 খ) 4

গ) 2 ঘ) 6

**সঠিক উত্তরঃ খ) 4**

$3^{3x-8} = 3^4$

বা, $3x - 8 = 4$

বা, $3x = 12$


∴ $x = 4$

**৬৯) কোনো ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি কত?**

ক) ৯০° খ) ১৮০°

গ) ২৭০° ঘ) ৩৬০°

**সঠিক উত্তরঃ ঘ) ৩৬০°**




আমরা জানি, যে কোন ত্রিভুজের তিন কোণের সমষ্টি = 180°

চিত্র হতে, $x + y + z = 180°$ = এক সরলকোণ

প্রাপ্ত বহি:স্থ কোণগুলো যথাক্রমে $(180° - x)$, $(180° - y)$, $(180° - z)$

∴ বহি:স্থ কোণ তিনটির যোগফল $= (180° - x) + (180° - y) + (180° - z)$

$= 540° - (x + y + z)$

$= 540° - 180°$

$= 360°$

**৭০) একটি সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য ১৬ মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ মিটার?**

ক) ৩২√৩ খ) ৬৪√৩

গ) ৬৪ ঘ) ৩২

**সঠিক উত্তরঃ খ) ৬৪√৩**

আমরা জানি,

সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য a হলে, ক্ষেত্রফল = $(\sqrt{3}/4)a^2$

দেওয়া আছে,

সমবাহু ত্রিভুজটির একটি বাহুর দৈর্ঘ্য $a = 16$ মিটার।

সুতরাং, ত্রিভুজটির ক্ষেত্রফল = $(\sqrt{3}/4) \times (16)^2$

$= (\sqrt{3}/4) \times (16 \times 16)$


$= 64\sqrt{3}$ বর্গ মিটার

**৭১) সূর্যের উন্নতি কোণ 60° হলে একটি মিনারের ছায়ার দৈর্ঘ্য 240 মিটার হয়। মিনারটির উচ্চতা কত?**

ক) 415.69 মি. খ) 417 মি.

গ) 315.69 মি. ঘ) 315 মি.

**সঠিক উত্তরঃ ক) 415.69 মি.**




ধরি,

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

মিনারের উচ্চতা = h

শর্তমতে,

$\tan 60° = h/240$

বা, $\sqrt{3} = h/240$

বা, $h = 240\sqrt{3}$

∴ $h = 415.69$ মি.


**৭২) ত্রিভুজের যেকোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা তৃতীয় বাহুর _____**

ক) সমান     খ) অর্ধেক

গ) দ্বিগুণ     ঘ) তিনগুণ

**সঠিক উত্তরঃ খ) অর্ধেক**

ত্রিভুজের যেকোন দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ তৃতীয় বাহুর সমান্তরাল এবং দৈর্ঘ্যে তার অর্ধেক।




ABC একটি ত্রিভুজ। D ও E যথাক্রমে ত্রিভুজটির AB ও AC বাহুর মধ্যবিন্দু।

DE = BC/2

**৭৩) Sinθ -এর সর্বনিম্ন মান কত?**

ক) 0     খ) - 2

গ) 1     ঘ) - 1

**সঠিক উত্তরঃ ঘ) - 1**

θ কোণ নির্দেশ করলে

sinθ এর সর্বনিম্ন মান = - 1

sinθ এর সর্বোচ্চ মান = 1

**৭৪) একটি সংখ্যা ৬৫০ থেকে যত বড়ো ৮২০ থেকে তত ছোটো। সংখ্যাটি কত?**

ক) ৭৩০     খ) ৭৩৫

গ) ৭৮০     ঘ) ৭৯০

**সঠিক উত্তরঃ খ) ৭৩৫**

ধরি,

সংখ্যাটি = ক

প্রশ্নমতে,

ক - ৬৫০ = ৮২০ - ক

বা, ২ক = ৮২০ + ৬৫০

বা, ২ক = ১৪৭০

∴ ক = ৭৩৫

**৭৫) ২৪ সংখ্যাটি কোন সংখ্যার ৩২% এর সমান?**

ক) ৬০     খ) ৬৫

গ) ৭০     ঘ) ৭৫

**সঠিক উত্তরঃ ঘ) ৭৫**

মনে করি,

সংখ্যাটি x

প্রশ্নমতে,

x এর ৩২% = ২৪

বা, ৩২x/১০০ = ২৪

বা, ৩২x = ২৪০০

∴ x = ৭৫

∴ সংখ্যাটি ৭৫

**৭৬) প্রাচীন বাংলায় সমতট বলতে কোন কোন অঞ্চলকে বুঝানো হতো?**

ক) কুমিল্লা ও বরিশাল     খ) কুমিল্লা ও নোয়াখালী

গ) ময়মনসিংহ ও নরসিংদী     ঘ) ময়মনসিংহ ও জামালপুর

**সঠিক উত্তরঃ খ) কুমিল্লা ও নোয়াখালী**

- প্রাচীন যুগে বাংলা জনপদগুলোর মধ্যে অন্যতম সম্মৃদ্ধ জনপদ ছিল সমতট।
- যার অধিভুক্ত ছিল বৃহত্তর কুমিল্লা ও বৃহত্তর নোয়াখালী অঞ্চল।
- এই অঞ্চলের রাজধানী ছিল বড় কামতা।

উৎসঃ বাংলাপিডিয়া।

**৭৭) বাংলাদেশের প্রথম সবাক চলচ্চিত্র 'মুখ ও মুখোশ' - এর সংগীত পরিচালক কে ছিলেন?**

ক) সমর দাস     খ) সুবল দাস

গ) খান আতাউর রহমান     ঘ) গাজী মাজহারুল আনোয়ার

**সঠিক উত্তরঃ ক) সমর দাস**

- পূর্ব পাকিস্তান তথা বাংলাদেশ ভূখণ্ডের প্রথম সবাক চলচ্চিত্র হলো 'মুখ ও মুখোশ'।
- ছবিটি পরিচালনা করেন আবদুল জব্বার খান।
- বাংলাদেশের প্রথম এই সবাক চলচ্চিত্র 'মুখ ও মুখোশ' এর সংগীত পরিচালক ছিলেন সমর দাস।
- ১৯৫৫ সালের ৩০ অক্টোবর শেষ হয় 'মুখ ও মুখোশ 'চলচ্চিত্রের শুটিং শুরু হয় ।
- মুক্তি পায় ১৯৫৬ সালের ৩ আগস্ট।
- হীরালাল সেন পরিচালিত 'আলী বাবা ও চল্লিশ চোর' হলো উপমহাদেশের প্রথম নির্বাক চলচ্চিত্র।

উৎস: বাংলাপিডিয়া এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভ।

**৭৮) বর্তমানে বাংলাদেশে দারিদ্র্যের হার কত?**

ক) ২৫.৬%     খ) ২৪.৫%

গ) ২৩.৬%     ঘ) ২৬.৫%

**সঠিক উত্তরঃ বাতিল করা হয়েছে।**

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

• অপশনে সঠিক উত্তর না থাকায় প্রশ্নটি বাতিল করা হয়েছে।
অর্থনৈতিক সমীক্ষা-২০২২ অনুসারে,
• দারিদ্রের হার ২০.৫%, • চরম দারিদ্র্যের হার ১০.৫%
এছাড়াও
• জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) ও যুক্তরাজ্যের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের এক যৌথ প্রতিবেদনে বলা হয়েছে, দারিদ্র্য বিমোচনে বাংলাদেশের সাফল্য উল্লেখযোগ্য হলেও দেশের ২৪.৩ শতাংশ মানুষ দারিদ্র্যসীমার নিচে বসবাস করে।
উৎস: The Business standard বাংলা ও অর্থনৈতিক সমীক্ষা-২০২২।

**৭৯) বাংলাদেশ ব্যাংক গভর্নরের মেয়াদকাল কত?**
ক) ২ বছর খ) ৩ বছর
গ) ৪ বছর ঘ) ৫ বছর
**সঠিক উত্তরঃ গ) ৪ বছর**
• বাংলাদেশ ব্যাংক:
- প্রতিষ্ঠা লাভ করে- ১৬ ডিসেম্বর, ১৯৭১ সালে।
- বাংলাদেশ ব্যাংকের প্রথম গভর্নর আ ন ম হামিদুল্লাহ।
- বাংলাদেশে কেন্দ্রীয় ব্যাংক পরিচালিত হয় বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ অনুযায়ী।
- বাংলাদেশ ব্যাংকের গভর্নরের মেয়াদকাল - ৪ বছর।
- পরিচালনা পর্ষদের সদস্য - চেয়ারম্যানসহ ৮ জন।
উৎস: বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট।

**৮০) বর্তমান মুজিবনগরের পূর্বনাম কী ছিল?**
ক) চন্দ্রবাড়ি খ) ভবের পাড়া
গ) টুংগীপাড়া ঘ) শিমুলিয়া
**সঠিক উত্তরঃ খ) ভবের পাড়া**
• বর্তমান মুজিবনগরের পূর্বনাম ভবের পাড়া।
• মুজিবনগর মেহেরপুর জেলায় অবস্থিত এটি একটি ঐতিহাসিক স্থান।
• স্বাধীন বাংলাদেশের প্রথম অস্থায়ী রাজধানী ছিল মুজিবনগর।
মুজিবনগরের আম্রকাননে ১৭ এপ্রিল সরকারের মন্ত্রী পরিষদ শপথ নিয়েছিল। এই সরকারের রাষ্ট্রপতি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং অস্থায়ী রাষ্ট্রপতি ছিলেন সৈয়দ নজরুল ইসলাম।
• বাংলাদেশের প্রথম রাজধানীর ঐতিহ্য ধরে রাখতে এখানে গড়ে তোলা হয়েছে মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স।
উৎস: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, নবম-দশম শ্রেণি।

**৮১) বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি চা বাগান আছে?**
ক) সিলেট খ) হবিগঞ্জ
গ) মৌলভীবাজার ঘ) সুনামগঞ্জ
**সঠিক উত্তরঃ গ) মৌলভীবাজার**
- বাংলাদেশে বাণিজ্যিকভাবে প্রথম চা বাগান গড়ে উঠে সিলেটের মালিনীছড়ায় ১৮৫৪ সালে।
- বর্তমানে বাংলাদেশ চা বোর্ডের অধীনে মোট ১৬৭টি চা বাগান ও টি এস্টেট রয়েছে।
- সবচেয়ে বেশি চা বাগান রয়েছে মৌলভীবাজার জেলায়। জেলাটিতে মোট ৯১টি চা বাগান রয়েছে।
- অন্যান্য জেলার মধ্যে হবিগঞ্জে ২৫টি, চট্টগ্রামে ২১টি, সিলেটে ১৯টি, পঞ্চগড়ে ৮টি, রাঙামাটিতে ২টি এবং ঠাকুরগাঁও জেলায় ১টি চা বাগান রয়েছে।
সূত্র:- বাংলাদেশ চা বোর্ড।

**৮২) পূর্বাশা দ্বীপের অপর নাম কী?**
ক) নিঝুম দ্বীপ খ) সেন্টমার্টিন দ্বীপ
গ) দক্ষিণ তালপট্টি দ্বীপ ঘ) কুতুবদিয়া দ্বীপ
**সঠিক উত্তরঃ গ) দক্ষিন তালপট্টি দ্বীপ**
- পূর্বাশা বা নিউ মুর আইল্যান্ড বঙ্গোপসাগরের অবস্থিত ভারতের ছোটো জনবসতিহীন সাগরমুখী দ্বীপ।
- এটি গঙ্গা-ব্রহ্মপুত্র বদ্বীপ অঞ্চলের উপকূলে অবস্থিত এবং ১৯৭০ সালের প্রলয়ংকরী ঘূর্ণিঝড়ের পর হাড়িয়াভাঙ্গা নদীর মোহনার অদূরে বাংলাদেশের সমুদ্রসীমায় দক্ষিণ তালপট্টি দ্বীপ জেগে ওঠে।
- দ্বীপটি নিয়ে বাংলাদেশ ও ভারতের মধ্যে বিরোধ ছিলো। ভারতে এটি নিউ মুর দ্বীপ নামে পরিচিত।
উৎসঃ বাংলাপিডিয়া।

**৮৩) আপেলে কোন এসিড বিদ্যমান থাকে?**
ক) ম্যালিক এসিড খ) ফলিক এসিড
গ) অক্সালিক এসিড ঘ) সাইট্রিক এসিড
**সঠিক উত্তরঃ ক) ম্যালিক এসিড**
- আপেল, আনারসে থাকে ম্যালিক এসিড;
- আঙ্গুর, কমলা, লেবুতে থাকে সাইট্রিক এসিড;
- টমেটোতে থাকে অক্সালিক এসিড;
উৎস: বিজ্ঞান, অষ্টম শ্রেণি

**৮৪) সুনামির (Tsunami) কারণ হলো ______**
ক) অগ্ন্যুৎপাত খ) ঘূর্ণিঝড়
গ) চন্দ্র ও সূর্যের আকর্ষণ ঘ) সমুদ্র তলদেশে ভূমিকম্প
**সঠিক উত্তরঃ ঘ) সমুদ্র তলদেশে ভূমিকম্প**
• সুনামি (Tsunami) 'সুনামি' জাপানি শব্দ।
• বাংলায় এর অর্থ 'পোতাশ্রয় ঢেউ'।
• সাগর বা নদী বা অন্য কোন জলক্ষেত্রে ভূমিকম্পের, ভূমিধ্বসের কিংবা আগ্নেয়গিরির উদগীরণের প্রভাবে সৃষ্ট জলোচ্ছ্বাসকেই বলা হয় সুনামি।
• বিভিন্ন কারণে সুনামির সৃষ্টি হতে পারে।
কারণগুলো হলো: ভূমিকম্প, আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত, ভূমিধ্বস অন্যতম এবং *সমুদ্রতলের ২০-৩০ কিলোমিটার গভীরে ভূমিকম্প সংঘটন* এবং টেকটোনিক প্লেটের আকস্মিক উত্থান-পতন।
উৎস: বাংলাপিডিয়া

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৮৫) লোহিত কণিকার আয়ুষ্কাল কতদিন?**

ক) ১২০ দিন খ) ১০০ দিন

গ) ৮০ দিন ঘ) ৬০ দিন

**সঠিক উত্তরঃ ক) ১২০ দিন**

• লোহিত রক্তকণিকার আয়ু প্রায় চার মাস অর্থাৎ ১২০ দিন।

• লোহিত রক্তকণিকা প্লীহা তে সঞ্চিত থাকে এবং তাৎক্ষণিক প্রয়োজনে প্লীহা থেকে লোহিত কণিকা রক্তরসে সরবরাহ হয়।

উৎস: বিজ্ঞান, নবম-দশম শ্রেণি।

**৮৬) কোন রঙের কাপে চা তাড়াতাড়ি ঠান্ডা হয়?**

ক) লাল খ) কালো

গ) সাদা ঘ) সবুজ

**সঠিক উত্তরঃ খ) কালো**

• কালো রঙের তাপ শোষণ ক্ষমতা বেশি।

• চায়ের কাপ কালো রঙের হলে তা থেকে অধিক পরিমান তাপ শোষণ করবে এবং এতে চা তাড়াতাড়ি ঠান্ডা হবে।

• সাদা রঙের তাপ শোষণ ক্ষমতা কম। সেজন্য গ্রীষ্মকালে সাদা রঙের জামা অধিক আরামদায়ক; কারণ সাদা রঙের জামার তাপ শোষণ ক্ষমতা কম।

• অন্যদিকে, কালো রঙের জামার তাপ শোষণ ক্ষমতা বেশি, তা গ্রীষ্মকালে ততটা আরামদায়ক হয় না।

উৎস: পদার্থবিজ্ঞান, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**৮৭) নিচের কোন বিষয়টির সাথে কম্পিউটার সম্পৃক্ত?**

ক) ফ্যাক্স খ) ই-মেইল

গ) টেলিফোন ঘ) টেলিভিশন

**সঠিক উত্তরঃ খ) ই-মেইল**

• ই - মেইল তথা ইলেক্ট্রনিক মেইল হল ডিজিটাল বার্তা যা কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে প্রেরণ করা হয়।

• ই - মেইল সার্ভারগুলো মেইল গ্রহণ করে এবং সংরক্ষণ করে।

• একটি ই-মেইল ঠিকানায় অবশ্যই থাকবে @ চিহ্নটি।

• ১৯৭২ সালে সর্বপ্রথম ই-মেইল ঠিকানায় @ চিহ্ন ব্যবহার করা হয়।

উৎস: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, এইচএসসি প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**৮৮) বঙ্গবন্ধু কবে 'জুলিও কুরি' পুরস্কার লাভ করেন?**

ক) ১০ অক্টোবর, ১৯৭২ খ) ৭ নভেম্বর, ১৯৭২

গ) ১৬ ডিসেম্বর, ১৯৭২ ঘ) ১০ ডিসেম্বর, ১৯৭২

সঠিক উত্তরঃ ক) ১০ অক্টোবর, ১৯৭২

• ১৯৭২ সালের ১০ অক্টোবর চিলির সান্টিয়াগো শহরে অনুষ্ঠিত বিশ্ব শান্তি পরিষদের সভায় বঙ্গবন্ধুকে জুলিও কুরি শান্তি পদকের জন্যে মনোনীত করা হয়।

• ১৯৭৩ সালের ২৩শে মে ঢাকায় বিশ্ব শান্তি পরিষদ আয়োজিত একটি অনুষ্ঠানে এর তৎকালীন মহাসচিব রমেশ চন্দ্র বঙ্গবন্ধুর হাতে জুলিও কুরি শান্তি পদক তুলে দেন।

তথ্যসূত্র: কারাগারের রোজনামচা ও আওয়ামী-লীগ ওয়েবসাইট।

**৮৯) চিরশান্তির শহর কোনটি?**

ক) রোম খ) ভেনিস

গ) এথেন্স ঘ) অসলো

**সঠিক উত্তরঃ ক) রোম**

• চির শান্তির শহর নামে পরিচিত রোম।

এছাড়া রোমকে পোপের শহর, সাত পাহাড়ের শহর ও নিরব শহরও বলা হয়।

উৎসঃ ব্রিটানিকা।

**৯০) কোন আরব দেশ বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দেয়?**

ক) মিশর খ) ইরাক

গ) জর্ডান ঘ) কুয়েত

**সঠিক উত্তরঃ খ) ইরাক**

- এটি মধ্যপ্রাচ্যের স্বীকৃতিদানকারী প্রথম দেশ ছিল।

- ইরাক প্রথম আরব দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি দেয় ৮ জুলাই ১৯৭২ সালে।

- ইরান বাংলাদেশকে স্বীকৃতি দেয় ২২ ফেব্রুয়ারি ১৯৭৪।

উৎস: পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইট।

**৯১) বিশ্ব মানবাধিকার দিবস কবে পালিত হয়?**

ক) ১০ জুন খ) ১০ আগস্ট

গ) ১০ অক্টোবর ঘ) ১০ ডিসেম্বর

**সঠিক উত্তরঃ ঘ) ১০ ডিসেম্বর**

১০ ডিসেম্বর বিশ্ব মানবাধিকার দিবস পালিত হয়।

- ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর জাতিসংঘ কর্তৃক ৩০টি ধারা সম্বলিত সার্বজনীন মানবাধিকার ঘোষণাপত্র গৃহিত হয়।

- চুক্তি স্বাক্ষরের দিন ১০ ডিসেম্বরকে প্রতিবছর বিশ্ব মানবাধিকার দিবস হিসেবে পালন করা হয়।

এছাড়াও,

- ১০ অক্টোবর : মানসিক স্বাস্থ্য দিবস

- ১৬ অক্টোবর : বিশ্ব খাদ্য দিবস

- ২০ ডিসেম্বর : আন্তর্জাতিক মানব সংহতি দিবস।

উৎস: জাতিসংঘ ওয়েবসাইট

**৯২) ভুটানের মুদ্রার নাম কী?**

ক) রুপি খ) রুপিয়া

গ) গুলট্রাম ঘ) বাথ

**সঠিক উত্তরঃ গ) গুলট্রাম**

- ভুটানের মুদ্রার নাম গুলট্রাম ।

এছাড়াও

- ভারত, নেপাল, পাকিস্তান ও শ্রীলংকার মুদ্রার নাম রুপি ,

- ইন্দোনেশিয়া ও মালদ্বীপের মুদ্রার নাম রুপিয়া

- বাথ হচ্ছে থাইল্যান্ডের মুদ্রার নাম।

উৎস: সংশ্লিষ্ট দেশগুলোর সরকারি ওয়েবসাইট।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৯৩) জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা কত?**

ক) ১৯০টি খ) ১৯১টি
গ) ১৯২টি ঘ) ১৯৩টি

**সঠিক উত্তরঃ ঘ) ১৯৩টি**

- জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা ১৯৩টি।
- সর্বশেষ সদস্য হলো দক্ষিণ সুদান।
- জাতিসংঘের অসদস্য পর্যবেক্ষক রাষ্ট্র দুইটি।
যথা: ভ্যাটিকান সিটি এবং ফিলিস্তিন।
- তাইওয়ান পূর্বে জাতিসংঘের সদস্য ছিলো বর্তমানে নেই।

উৎস: জাতিসংঘ ওয়েবসাইট।

**৯৪) বাতাসের শহর হিসেবে পরিচিত ______**

ক) শিকাগো খ) নিউইয়র্ক
গ) ওয়াশিংটন ঘ) সিডনি

**সঠিক উত্তরঃ ক) শিকাগো**

• শিকাগোর অন্য নাম Windy city বা বাতাসের শহর।
• শিকাগো মার্কিন যুক্তরাষ্ট্রের শহরগুলোর মধ্যে তৃতীয় বৃহত্তম শহর।
• ইলিনয় অঙ্গরাজ্যে অবস্থিত শহরটি অফিশিয়ালি প্রতিষ্ঠিত হয় ৪ মার্চ ১৮৩৭ সালে।

উৎস: হিস্টরি.কম ও গার্ডিয়ান।

**৯৫) বাংলাদেশে কোন উপজাতির সংখ্যা বেশি?**

ক) চাকমা খ) সাঁওতাল
গ) গারো ঘ) মারমা

**সঠিক উত্তরঃ চাকমা**

- বাংলাদেশের বৃহত্তম উপজাতি- চাকমা
- চাকমারা বান্দরবান, রাঙামাটি, খাগড়াছড়ি ও কক্সবাজার অঞ্চলে বসবাস করে।
- তাদের পারিবারিক কাঠামো পিতৃতান্ত্রিক । তারা বৌদ্ধ ধর্মের অনুসারী।
- তাদের প্রধান ভাষা চাকমা বা চাঙমা। তারা গ্রামকে আদাম এবং গ্রামের প্রধানকে বলে কার্বারী।
- চাকমা সমাজের প্রধান হলো চাকমা রাজা।
- বাংলাদেশে বসবাসকারী উপজাতির সংখ্যা- ৫০ টি।
- বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম উপজাতি- মারমা।
- পার্বত্য চট্টগ্রামে মোট উপজাতি বসবাস করে- ১১ টি।

উৎস: বাংলাপিডিয়া এবং বান্দরবান জেলা ওয়েবসাইট।

**৯৬) ইউরোপীয় ইউনিয়নের সদর দপ্তর কোথায়?**

ক) লন্ডন খ) ব্রাসেলস
গ) রোম ঘ) প্যারিস

**সঠিক উত্তরঃ খ) ব্রাসেলস**

- রোম চুক্তির মাধ্যমে ১৯৫৮ সালের ১ জানুয়ারি ইউরোপীয় ইকোনমিক কমিউনিটি তথা বর্তমানের ইউরোপীয়ান ইউনিয়ন গঠিত হয়।
- ইইউর প্রতিষ্ঠাতাকালীন সদস্য দেশ ছিলো ৬টি।
- সদর দপ্তর- ব্রাসেলস, বেলজিয়াম।
- ২০২০ সালের ৩১ জানুয়ারি ৪৭ বছরের সম্পর্কের অবসান ঘটিয়ে ব্রিটেন ইইউ ত্যাগ করে।
- ফলে ইউরোপীয় ইউনিয়নের সদস্য সংখ্যা ২৮টি থেকে কমে বর্তমানে ২৭টি।

উৎস:- ইইউ ওয়েবসাইট।

**৯৭) আরাকান পাহাড় হতে উৎপন্ন নদী কোনটি?**

ক) ফেনী খ) সাঙ্গু
গ) কর্ণফুলি ঘ) নাফ

**সঠিক উত্তরঃ খ) সাঙ্গু**

- সাঙ্গু: সাঙ্গু নদী বাংলাদেশ ও মিয়ানমার সীমান্তে অবস্থিত আরাকান পাহাড়ে উৎপন্ন হয়েছে।
- কর্ণফুলী: কর্ণফুলী নদী মিজোরামের লুসাই পাহাড় থেকে উৎপন্ন হয়েছে।

সূত্র- ভূগোল ও পরিবেশ ৯ম-১০ম শ্রেণি এবং ভূগোল ও পরবিশে এসএসসি পোগ্রাম (উন্মুক্ত) এবং বাংলাপিডিয়া।

**৯৮) পৃথিবীতে সবচেয়ে কঠিন খনিজ পদার্থ কোনটি?**

ক) লৌহ খ) ইস্পাত
গ) হীরক ঘ) পাথর

**সঠিক উত্তরঃ গ) হীরক**

• পৃথিবীতে সবচেয়ে কঠিন খনিজ পদার্থ হলো হীরক যা কার্বনের একটি রূপভেদ।
• অসংখ্য কার্বন পরমাণু পরস্পরের সাথে বন্ধনযুক্ত হয়ে এ অণু তৈরি করে।
• একটি হীরক খণ্ডকে টুকরো করতে হলে অনেকগুলো শক্তিশালী সমযোজী বন্ধন ছিন্ন করতে হয় বলে হীরক অত্যন্ত কঠিন।
• ধাতব খনিজ পদার্থের মধ্যে অন্যতম হলো: লোহা (Fe), তামা (Cu), সোনা (Au), কিংবা রূপা (Ag)।
• অধাতব খনিজ পদার্থের মধ্যে রয়েছে কোয়ার্টজ (Quartz), মাইকা (Mica) কিংবা খনিজ লবণ।
• আবার গ্যাস, কয়লা, পেট্রোল এগুলোকে জৈব খনিজ পদার্থ বলে।

উৎস: বিজ্ঞান, নবম-দশম শ্রেণি।

**৯৯) সমুদ্র বায়ু কখন প্রবল বেগে প্রবাহিত হয়?**

ক) শেষরাতে খ) মধ্যাহ্নে
গ) অপরাহ্ণে ঘ) সবসময়

**সঠিক উত্তরঃ গ) অপরাহ্ণে**

• দিনের বেলায় স্থলভাগ বেশি উত্তপ্ত হয় বলে সেখানে নিম্নচাপের সৃষ্টি হয়, কিন্তু জলভাগ বেশি উত্তপ্ত হয় না বলে সেখানকার বায়ু উচ্চচাপ যুক্ত হয়। ফলে এ সময় জলভাগ থেকে স্থলভাগের দিকে বায়ু প্রবাহিত হয়। একে সমুদ্রবায়ু বলে।
• এ বায়ু সকাল ১০টা থেকে প্রবাহিত হতে থাকে।
• বিকালে (অপরাহ্ণে) এ বায়ুর বেগ সবচেয়ে বেশি হয়।
• রাত ৩টায় স্থলবায়ুর বেগ সবচেয়ে বেশি হয়।

উৎস: ভূগোল ও পরিবেশ, নবম-দশম শ্রেণি।

**১০০) আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থার সদর দপ্তর কোথায় অবস্থিত?**

ক) জেনেভা খ) বার্লিন
গ) প্যারিস ঘ) ভিয়েনা

সঠিক উত্তরঃ ঘ) ভিয়েনা

• আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা প্রতিষ্ঠিত হয় ১৯৫৭ সালে।
• সংস্থাটির সদরদপ্তর অস্ট্রিয়ার ভিয়েনায় অবস্থিত।
• সংস্থাটি ২০০৫ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে।

উৎসঃ আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থার ওয়েবসাইট।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322